# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৭৭৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - উপার্জন করা এবং হালাল রুযী অবলম্বনের উপায় সন্ধান করা

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ثَمَنِ الْكَلْبِ وكسْبِ الزَّمارةِ. رَوَاهُ فِي شرح السّنة

### বাংলা

২৭৭৯-[২১] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুকুর বিক্রির মূল্য ও গান গায়িকাদের উপার্জন গ্রহণ করতে নিষেধ করেছেন। (শারহুস্ সুন্নাহ্)[1]

### ফুটনোট

[1] সহীহ : শারহুস্ সুন্নাহ্ ২৯৩৮, সহীহাহ্ ৩২৭৫। আলবানী (রহঃ) সিলসিলাতুস্ সহীহায় হাদীসটিকে সহীহ বলেছেন। তবে শায়খ যুবায়র ‘আলী যাঈ (রহঃ) মিশকাতের তাহক্বীকে হাদীসটিকে হিশাম বিন হাসসান কর্তৃক ‘আন্‘আনাহ্ সূত্রে বর্ণিত হওয়ায় দুর্বল বলেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وكسْبِ الزَّمارةِ) “পতিতাবৃত্তির উপার্জন নিষেধ করেছেন।” অর্থাৎ পতিতাবৃত্তি হারাম এবং উপার্জনও হারাম। (الزَّمارةِ) শব্দটি زمر থেকে উৎপত্তি, যার অর্থ গান গাওয়া। ‘আল্লামা ত্বীবী বলেনঃ পতিতাকে زمارة এজন্য বলা হয় যে, এ পেশা গ্রহণকারী নারীরা অধিকাংশই গান গেয়ে থাকে। আবার কেউ কেউ বলেছে, শব্দটি মূলত زمارة নয়, বরং শব্দটি হলো رمازة। যার উৎপত্তি رماز থেকে। আর এর অর্থ হলো চোখ দিয়ে ইশারা করা। পতিতাগণ পুরুষদেরকে চোখের ইশারায় ডেকে থাকে, তাই এদেরকে رمازة বলা হয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68106

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন